

প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি নীতিমালা চূড়ান্ত

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৪ নভেম্বর ২০২৫, ০৯:১৩



সরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তির নীতিমালা প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ নীতিমালাটি জারি করে। এতে সই করেন বিভাগের সচিব রেহেনা পারভীন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

নীতিমালা অনুযায়ী, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অ্যাট্রি (প্রবেশ) শ্রেণিতে এবং আসন শূন্য থাকলে নবম শ্রেণি পর্যন্ত যেকোনো শ্রেণিতে ভর্তি নেওয়া যাবে। ‘জাতীয় শিক্ষানীতি ২০১০’ অনুসারে ৬ বছরের বেশি বয়সীদের ভর্তি নিশ্চিত করতে হবে। তবে নির্দিষ্ট শিক্ষাবর্ষে ভর্তির জন্য বয়স নির্ধারণ কঠোরভাবে অনুসরণ করতে হবে—যেমন ২০২৬ শিক্ষাবর্ষে বয়স হতে হবে ১ জানুয়ারি অনুযায়ী কমপক্ষে ৫ বছর এবং ৩১ ডিসেম্বর পর্যন্ত সর্বোচ্চ ৭ বছর। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে বাড়তি ৫ বছরের সুবিধা দেওয়া যাবে।

২০২৬ শিক্ষাবর্ষ ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত হবে। প্রতি শাখায় শিক্ষার্থী সংখ্যা থাকবে সর্বোচ্চ ৫৫ জন। বয়স যাচাইয়ের জন্য অনলাইন জন্মনিবন্ধনের সত্যায়িত কপি জমা দিতে হবে।

আবেদন ও লটারি

ভর্তির আবেদন, লটারি এবং ফি নির্ধারণ করবে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। মাউশি কেন্দ্রীয়ভাবে ডিজিটাল লটারি পরিচালনা করবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ পাঁচটি বিদ্যালয় পছন্দ করতে পারবে। তবে ডাবল শিফট স্কুলে দুটি শিফট বেছে নিলে তা দুটি পছন্দ হিসেবে বিবেচিত হবে। পছন্দের একটিকে সফটওয়্যারে চূড়ান্তভাবে নিশ্চিত করতে হবে।

ঢাকা মহানগরে ক্যাচমেন্ট এরিয়া অপরিবর্তিত

ঢাকার ৪৪টি সরকারি মাধ্যমিক স্কুল এবারও তিন ভাগে বিভক্ত থাকবে। প্রতিটি প্রতিষ্ঠানের প্রধান সর্বোচ্চ তিনটি সংলগ্ন থানা ক্যাচমেন্ট এরিয়া হিসেবে নির্ধারণ করতে পারবেন। ক্যাচমেন্ট এরিয়ার শিক্ষার্থীদের জন্য ৪০ শতাংশ আসন সংরক্ষিত থাকবে।

বিভিন্ন কোটা

- ক্যাচমেন্ট কোটা: ৪০%
- মুক্তিযোদ্ধা সন্তান: ৫%
- বিশেষ চাহিদাসম্পন্ন: ২%
- শিক্ষা মন্ত্রণালয় ও অধীন দপ্তর-সংস্থার সন্তান: মোট ১% (মন্ত্রণালয়-০.৫%, অধীন দপ্তর-০.৫%)
- যমজ কোটা: ৩% থেকে কমে ২%
- সহোদর কোটা: ২% থেকে বেড়ে ৩%

(এই দুই কোটা সর্বোচ্চ তিন সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য)

এ ছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি পাস করা শিক্ষার্থীদের জন্য ষষ্ঠ শ্রেণিতে ১০% আসন সংরক্ষিত থাকবে।

ভর্তি কমিটি

ঢাকায় মাউশির মহাপরিচালক, জেলায় জেলা প্রশাসক এবং উপজেলায় ইউএনওর নেতৃত্বে ভর্তি কমিটি গঠন করা হয়েছে।

সম্ভাব্য সময়সূচি

মাউশির সভার সিদ্ধান্ত অনুযায়ী—

- বিজ্ঞপ্তি: ১৯ নভেম্বরের মধ্যে
- আবেদন শুরু: ২১ নভেম্বর
- আবেদন শেষ: ৭ ডিসেম্বর
- ডিজিটাল লটারি: ১৪ ডিসেম্বর
- ভর্তি: ১৭-২১ ডিসেম্বর